**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

## ঢাকা, বৃহস্পতিবার ১০ মার্চ ২০১৬, ২৭ ফাল্গুন ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জীববৈচিত্র্য রক্ষা করে হাইটেক পার্ক নির্মাণের নির্দেশ প্রধানমন্ত্রীর
২। শেয়ারবাজার শক্তিশালী হবে : অর্থমন্ত্রী
মোবাইলে শেয়ার লেনদেন চালু
৩। সরকারি ক্রয় সংক্রান্ত কমিটিতে ভারত থেকে বিদ্যুৎ ক্রয়সহ ১০ প্রস্তাব অনুমোদন
৪। রিজার্ভ থেকে চুরি হওয়া অর্থ পুরোটাই ফেরত আনা হবে
: জরুরি বৈঠকে শেষে বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র
৫। ভারতের সঙ্গে ২ বিলিয়ন ডলার ঋণ চুক্তি স্বাক্ষর
৬। হজের টাকা জমা দেওয়া যাবে ২৪ ব্যাংকে
৭। মূলধারার কার্যক্রমে এগিয়ে যাচ্ছে নারী : চার দিনব্যাপী মেলা উদ্বোধনকালে গভর্নর
৮। ঢাকা থেকে যুক্তরাজ্যে সরাসরি কার্গো পরিবহণে নিষেধাজ্ঞা
৯। কক্সবাজারে কার্গো বিমান বিধ্বস্ত, ৩ ক্রু নিহত
১০। বিশ্ব কিডনি দিবস আজ : বছরে অর্ধ লাখেরও বেশি শিশু আক্রান্ত হচ্ছে কিডনি রোগে
১১। জয় দিয়ে শুরু বাংলাদেশের টি-টোয়েন্টি বিশ্বকাপ যাত্রা

চলমান পাতা-২

**১।	জীববৈচিত্র্য রক্ষা করে হাইটেক পার্ক নির্মাণের নির্দেশ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এলাকার জীববৈচিত্র্যের সুরক্ষা নিশ্চিত করে কালিয়াকৈরে নির্মাণাধীন হাইটেক পার্ককে একটি পূর্ণাঙ্গ তথ্যপ্রযুক্তি কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল ৯ মার্চ বুধবার তার তেজগাঁওস্থ কার্যালয়ে ‘হাইকেট পার্ক বোর্ড গভর্নর’এর প্রথম সভায় সভাপতির বক্তব্যে এ নির্দেশ প্রদান করেন। সূত্র-**সংবাদ (শেষ** পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইনকিলাব (শেষ** পৃ.,ক.৩), **ডেইলি সান (শেষ** পৃ.,ক.২), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইত্তেফাক, সংবাদ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি সান** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	শেয়ারবাজার শক্তিশালী হবে : অর্থমন্ত্রী**

**মোবাইলে শেয়ার লেনদেন চালু**

প্রযুক্তির ব্যবহার বাড়িয়ে শেয়ারবাজারের উন্নয়নে মোবাইলের মাধ্যমে শেয়ার লেনদেন চালু করেছে ঢাকা স্টক এক্সচেঞ্জ। এ ব্যাপারে ডিএসই মোবাইল নামে নতুন অ্যাপস চালু করা হয়েছে। গতকাল ৯ মার্চ বুধবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত অ্যাপসটি উদ্বোধন করেন। এসময় তিনি বলেন, বাংলাদেশের পুঁজিবাজার আরও শক্তিশালী হয়ে উঠবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৯,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৫), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

**৩।	সরকারি ক্রয় সংক্রান্ত কমিটিতে ভারত থেকে বিদ্যুৎ ক্রয়সহ ১০ প্রস্তাব অনুমোদন**

ভারত থেকে বিদ্যুৎ ক্রয়ের দুটি প্রস্তাবসহ মোট ১০টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ৯ মার্চ বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এর সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ প্রস্তাবগুলোর অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান বিজনেস পাতা** ( পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৪।	রিজার্ভ থেকে চুরি হওয়া অর্থ পুরোটাই ফেরত আনা হবে**

**: জরুরি বৈঠকে শেষে বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র**

হ্যাকিংয়ের মাধ্যমে নিউইয়র্কের ফেডারেল রিজার্ভে গচ্ছিত বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ অ্যাকাউন্ট থেকে ২০ মিলিয়ন ডলার শ্রীলঙ্কায় এবং ৮১ মিলিয়ন ডলার ফিলিপাইনে স্থানান্তর করা হয়েছে। এর মধ্যে শ্রীলঙ্কার কেন্দ্রীয় ব্যাংকের সহায়তায় সেখানে পাচার হওয়া অর্থ ফেরত আনা হয়েছে। আর ফিলিপাইনে স্থানান্তরিত অর্থ উদ্ধারে চেষ্টা চলছে। দেশটির অ্যান্টি মানি লন্ডারিং কর্তৃপক্ষের সহায়তায় পুরো অর্থটাই ফেরত পাওয়ার আশা করছে বাংলাদেশ ব্যাংক। ফিলিপাইনের ব্যাংকিং সিস্টেমের মাধ্যমে বাংলাদেশ কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভ এ্যাকাউন্ট থেকে আরও ৮৭০ মিলিয়ন ডলার মূল্যের তহবিল চুরি করার চেষ্টা করেছিল হ্যাকাররা। গতকাল ৯ মার্চ বুধবার সাইবার সিকিউরিটি বিষয়ে তফসিলি ব্যাংকগুলোর সঙ্গে জরুরি বৈঠক শেষে কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র শুভঙ্কর সাহা এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ, যুগান্তর, ইনকিলাব, ডেইলি স্টার, ফিনানশিয়াল এক্সপ্রেস, নিউ এজ সহ** অধিকাংশ দৈনিক পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫।	ভারতের সঙ্গে ২ বিলিয়ন ডলার ঋণ চুক্তি স্বাক্ষর**

ভারতের সঙ্গে দ্বিতীয় দফায় ২ বিলিয়ন ডলারের ( ২০০কোটি ডলার ) নমনীয় ঋণ চুক্তিতে স্বাক্ষর করল বাংলাদেশ। বর্তমান বিনিময় হার অনুযায়ী (এক ডলার ৭৮ টাকা) যার পরিমাণ ১৫ হাজার ৬০০ কোটি টাকা। আগামী ২০ বছরে পরিশোধযোগ্য এ ঋণের সুদের হার বছরে ১ শতাংশ । নতুন করে ২০০ কোটি ডলার ঋণ দিয়ে আপাতত ১৪টি প্রকল্প বাস্তবায়ন করবে। এর আগে ১ বিলিয়ন ডলার ঋণের সব টাকা এখনও পায়নি বাংলাদেশ। গতকাল ৯ মার্চ

বুধবার শেরে বাংলা নগরস্থ পরিকল্পনা কমিশনে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মেলন কক্ষে এই ঋণ চুক্তি স্বাক্ষর হয়। বাংলাদেশ সরকারে পক্ষে ইআরডি সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং ভারতের পক্ষে এক্সিম ব্যাংক অব ইন্ডিয়া চেয়ারম্যান যাদবেন্দ্র মাথুর চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।



**৬। হজের টাকা জমা দেওয়া যাবে ২৪ ব্যাংকে**

আগামী সপ্তাহেই চলতি বছরের হজের প্রাক-নিবন্ধন শুরু হচ্ছে। আর হজের প্রাক-নিবন্ধন ও মোয়াল্লেম ফি জমা দেওয়া যাবে ২৪টি ব্যাংকে। হজযাত্রীদের মোয়াল্লেম ফি'র অর্থ সংগ্রহে ব্যাংকগুলোকে অনুমোদন দিয়ে গতকাল ৯ মার্চ বুধবার আদেশ জারি করেছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.৪,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.১)।

**৭। মূলধারার কার্যক্রমে এগিয়ে যাচ্ছে নারী : চার দিনব্যাপী মেলা উদ্বোধনকালে গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেছেন, বর্তমানে মূলধারার অর্থনৈতিক কার্যক্রমে সংযুক্ত হচ্ছেন নারী উদ্যোক্তারা। আগে যেসব কাজ শুধু পুরুষেরা করতেন, এখন তার অনেকগুলোই নারীরা করা শুরু করেছেন। নারী উদ্যোক্তা সমাবেশ ও পণ্য প্রদর্শনী মেলা ২০১৬ 'নারী দিবস ভাবনায় নারী উদ্যোক্তা উন্নয়ন: এসএমই ঋণের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গতকাল ৯ মার্চ বুধবার রাজধানীর মিরপুরের বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমিতে এ আলোচনা সভা ও চার দিনব্যাপী মেলার আয়োজন করেছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**৮। ঢাকা থেকে যুক্তরাজ্যে সরাসরি কার্গো পরিবহণে নিষেধাজ্ঞা**

নিরাপত্তার ঘাটতির অজুহাতে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সরাসরি কার্গো পরিবহণে নিষেধাজ্ঞা জারি করেছে যুক্তরাজ্য। সাময়িক পদক্ষেপ হিসেবে এ নিষেধাজ্ঞা জারি করা হয়। মার্চের পর এ নিষেধাজ্ঞা কার্যকর হবে। পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত এ নিষেধাজ্ঞা বলবৎ থাকবে। গত ৮মার্চ মঙ্গলবার ব্রিটিশ পরিবহণ দপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে এ ঘোষণা দেওয়া হয়। সূত্র-**ভোরের কাগজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে, **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১,ক.২), **ইত্তেফাক** ( পৃ.১,ক.৪)।

**৯। কক্সবাজারে কার্গো বিমান বিধ্বস্ত, ৩ ক্রু নিহত**

কক্সবাজারে বঙ্গোপসাগরের বাঁকখালীর মোহনায় বেসরকারি পরিবহণ সংস্থার একটি কার্গো বিমান বিধ্বস্ত হয়েছে। মাছের পোনা নিয়ে বিমানটি কক্সবাজার থেকে যশোর যাওয়ার কথা ছিল। ওই বিমানের চার ক্রুর মধ্যে পাইলটসহ তিনজন নিহত হয়েছেন। অপরজন আশাঙ্কাজনক অবস্থায় চিকিৎসাধীন। আহত-নিহতরা সবাই ইউক্রেনের নাগরিক। বঙ্গোপসাগরে একটি মহড়া দেখতে উপস্থিত থাকা নৌবাহিনীর প্রধান ভাইস এডমিরাল নিজাম উদ্দিন আহমেদ দ্রুত ঘটনাস্থলে ছুটে যান এবং উদ্ধার কাজ তদারকি করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **সংবাদ, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। বিশ্ব কিডনি দিবস আজ : বছরে অর্ধ লাখেরও বেশি শিশু আক্রান্ত হচ্ছে কিডনি রোগে**

দেশে কিডনি রোগে আক্রান্ত শিশুর সংখ্যা উদ্বেগজনক হারে বাড়ছে। বছরে অর্ধলাখেরও বেশি শিশু কিডনি রোগে আক্রান্ত হচ্ছে। যাদের অধিকাংশেরই বয়স পাঁচ থেকে ১০ বছরের মধ্যে। আর দেশে প্রতিবছর প্রায় দুই লাখ মানুষ কিডনি রোগে আক্রান্ত হয়। স্বাস্থ্য বিশেষজ্ঞরা বলছেন, কেবল প্রাথমিক পর্যায়ে এই রোগ শনাক্ত এবং নিরাময়ে ব্যবস্থা নিলে কয়েক লাখ শিশুর জীবন রক্ষা করা সম্ভব। বিশেষজ্ঞদের মতে, জন্মগত সমস্যা এবং উত্তরাধিকার সূত্রে শিশুরা কিডনি সমস্যায় আক্রান্ত হয়। বিশ্ব কিডনি দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মো.আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭),
**যুগান্তর** ( পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (**শেষ** পৃ.,ক.৮)।

**১১। জয় দিয়ে শুরু বাংলাদেশের টি-টোয়েন্টি বিশ্বকাপ যাত্রা**

জয় দিয়েই টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেট যাত্রা শুরু করেছে বাংলাদেশ। গতকাল ৯ মার্চ বুধবার ভারতের ধর্মশালায় এইচপিসিএ স্টেডিয়ামে নেদারল্যান্ডসকে ৮ রানে হারিয়েছে টাইগাররা। আগে ব্যাট করে তামিম ইকবালের অপরাজিত ৮৩ রানে ভর করে ৭ ইউকেটে ১৫৩ রানে করে বাংলাদেশ। জবাবে ৭ উইকেট ১৪৫ রানে থেমে যায় ডাচদের ইনিংস। টানা ২০ ওভার ব্যাটিং করে ৮৩ রান করে ম্যাচ সেরার পুরস্কার পান তামিম ইকবাল। সূত্র-**ইত্তেফাক, প্রথম আলো, নিউজ টুডে, অবজারভার,** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

=৪=

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, ডেইলি স্টার :** আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে পটুয়াখালীর বাউফলে প্রার্থীদের দুই পক্ষের সংঘর্ষে একজন নিহত এবং কক্সবাজার, শেরপুর, ভোলা, বরগুণা,ও কিশোরগঞ্জে ৭১ জন আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে নির্বাচনকে কেন্দ্র করে এ ধরণের অনিয়ম বন্ধ করে একটি সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের চ্যালেঞ্জ মোকাবিলায় নির্বাচন কমিশনকে আন্তরিক সহযোগিতা করতে সরকারের প্রতি সুপারিশ।

খ. **ইত্তেফাক :** নিয়োগ বিধির অভাবে সারাদেশের সরকারি মাধ্যমিক স্কুলসমূহে শূন্য পদে শিক্ষক নিয়োগ না করতে পারায় শিক্ষার্থীদের লেখাপড়ার ওপর বিরূপ প্রভাব পড়ায় এব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** পাটকে বহির্বিশ্বের সাথে সাথে অভ্যন্তরীণ বাজারে ব্যাপকভাবে জনপ্রিয় করে তুলতে সরকারের আন্তরিক প্রচেষ্টাকে সাধুবাদ জানিয়ে পাটের বহুমুখী ব্যবহারের মধ্য দিয়ে পাট চাষীরা যেন ন্যায্যমূল্যের নিশ্চয়তা পায় সেদিকে দৃষ্টি রাখার সুপারিশ।

ঘ. **সংবাদ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশ ব্যাংকের রিজার্ভের অর্থ হ্যাকড হওয়ার এক মাস পেরিয়ে গেলেও এ ব্যপারে আনুষ্ঠানিক কোনো তদন্ত কমিটি গঠন না করায় বিস্ময় প্রকাশ করে বাংলাদেশ ব্যাংককে দ্রুত একটি তদন্ত কমিটি গঠন করে এব্যাপারে যথাযথ তদন্ত করার আহ্বান।

ঙ. **জনকণ্ঠ, সমকাল, ভোরের কাগজ :** আলবদর বাহিনীর চট্টগ্রাম অঞ্চলের কমান্ডার মীর কাসেম আলীর মৃত্যুদণ্ডাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগে বহাল থাকাকে মুক্তিযুদ্ধ ও মানবতার বিজয় বলে মত প্রকাশ।

চ. **ডেইলি স্টার :** ঠাকুরগাঁও সদর উপজেলার ঠাকুরগাঁও-পাটিয়াডাঙ্গি সড়কের সিনুয়া নদীর ব্রিজের কাছ থেকে বালি উত্তোলনের ফলে ব্রিজটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় জাতীয় সম্পদ সুরক্ষায় যথাযথ পদক্ষেপের প্রত্যাশা।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার উন্নয়নে মানসম্মত শিক্ষা ও গবেষণা কাজকে গুরুত্ব দিয়ে তদানুযায়ী ব্যবস্থা জোরদার করার পরামর্শ।

জ. **ডেইলি সান :** কৃষির সেচকাজে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বাড়াতে নদী খনন ও পানির জলাধার নির্মাণে বার্ষিক বাজেট বাড়ানোর সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে আইন ও ন্যায্যতার শাসন প্রতিষ্ঠার জন্য কঠিন ও কঠোরভাবে আইন প্রয়োগ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'রাজধানীর বস্তিবাসীর দু:সহ জীবন'** শিরোনামের নিবন্ধে প্রফেসর সেলিমা খাতুন সরকারি যেসব বেদখল জমি রয়েছে যেসব জায়গাতে বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা করে দিলে অনেকাংশে বস্তিবাসীদের আবাসনের সমস্যা সমাধান হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা